শালটা কোথায় গেল?

Original Publisher: Pratham Books
Author: Arvind Gupta
Illustrator: Debasmita Dasgupta
Translator: Somrwita Chatterjee

একদিন ভগবান বুদ্ধ মঠের
চারপাশে পায়চারি করছিলেন।

এমন সময় তাঁর কাছে এক ভিক্ষু
এসে একটা উলের শালের জন্য
আবেদন করল।

বুদ্ধ তাকে জিজ্ঞাসা করলেন,
"তোমার পুরোনো
শালটা কোথায় গেল?"

ভিক্ষু তার উত্তরে বলল,
"শালটা ব্যবহার করতে
করতে জীর্ণ হয়ে গেছিল।
তাই আমি সেটাকে বিছানার
চাদর করে ফেলেছি।"

বুদ্ধ আরো জানতে চাইলেন, "তোমার পুরোনো বিছানার চাদরটা কোথায় গেলো?"

ভিক্ষু জবাবে বলল, "প্রভু, বিছানার চাদর ব্যবহার করতে করতে অনেক পুরোনো হয়ে ছিঁড়ে গেছে। তাই আমি সেটা কেটে বালিশের খোল বানিয়েছি।"

"কিন্তু নতুন বালিশের খোলটা তৈরি হওয়ার আগে নিশ্চয়ই একটা পুরোনো বালিশের খোল ছিল। সেটা কোথায় গেলো?" বুদ্ধ পুনরায় প্রশ্ন করলেন।

"লক্ষ লক্ষ বার বালিশে মাথা রাখার জন্য সেটাতে একটা বড়ো ফুটো হয়েছিল। তাই সেটা দিয়ে আমি একটা পাপোশ বানিয়েছি," ভিক্ষু ভক্তিভরে বলল।

গৌতম বুদ্ধ তার উত্তরে সন্তুষ্ট হলেন না। তিনি সকল বিষয়ে গভীরভাবে ভাবতেন।

তিনি জিজ্ঞাসা করলেন, "পুরোনো পাপোশটা কি করলে?"

ভিক্ষু হাত জোড় করে বলল, "প্রভু, পুরোনো পাপোশটা একেবারে ছিঁড়ে গিয়েছিলো। বহু ব্যবহারের ফলে সুতো খুলে আসছিল। তাই আমি সেই সুতির কাপড় দিয়ে সলতে পাকালাম। পরে সেই সলতে দিয়ে প্রদীপ জ্বালাই।"

ভিক্ষুর কথা শুনে বুদ্ধ হাসলেন এবং ভিক্ষুকে একটা নতুন শাল উপহার দিলেন।

নিজে নিজে কাপড়ের বল বানাও।

1. পুনর্ব্যবহার করা যাবে এরকম জামাকাপড় বাছাই করো। দুটো পঞ্চভূজ এবং পাঁচটা পাপড়ির আকৃতি বিশিষ্ট কাপড় কেটে নাও।

2. সেই টুকরোগুলো নিজের হাতে সেলাই করো। অথবা সেগুলোকে কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে দিয়ে মেশিনে সেলাই করাও। একটা পঞ্চভূজ আকৃতি বিশিষ্ট কাপড়ের টুকরোয় ছোট একটা ফুটো রাখো।

3. ভেতরের দিকটা উল্টে দাও।

4. একটা শক্তপোক্ত বেলুন ঢুকিয়ে তাতে ফুঁ দাও।

5. বেলুনের মুখটা পেঁচিয়ে একটা গিঁট বেঁধে ফেলো,
তারপর সেটা বোতামঘর দিয়ে ঢুকিয়ে দাও।

6. কি মজা! তোমার রঙিন কাপড়ের বল তৈরি।

1.

সুতো নিয়ে মজা!

উল বা সুতোর টুকরো নিয়ে ঘন্টার পর ঘন্টা
মজা করার সহজ উপায়।

1. একটা খালি দেশলাই বাক্স নাও।

2. প্রায় ৭০ সে.মি. লম্বা উল ছুঁচে পরিয়ে দেশলাই বাক্সের
কোণাকুণি ঢোকাও।

2.

3. অন্য রঙের আরেকটি উল ছুঁচে
পরিয়ে অন্য কর্ণ বরাবর প্রবেশ করাও।
উলের সুতোর মুখগুলোকে বেঁধে ফেলো।

4. তোমার বন্ধুকে সুতোর উভয় দিকটা ধরতে বলো। এখন তুমি বাক্সটা
সুতো বরাবর সরাতে পারো।

কি আশ্চর্য ব্যাপার!

বাক্স থেকে বেরোনোর পর মনে হবে উলের রং যেন পাল্টে যাচ্ছে।

www.arvindguptatoys.com এ এরকম অনেক প্রকল্প বিনামূল্যে ডাউনলোড করা যাবে।

পুনরুৎপাদন! পুনর্ব্যবহার! হ্রাস!

আমরা চিন্তা ভাবনা না করেই জিনিস কিনি, ব্যবহার করি এবং পরে তা ছুঁড়ে ফেলে দিই। প্রয়োজনের তুলনায় আমরা বেশিই কিনি। আমাদের আদর্শমন্ত্র যেন "আরও বেশি কেনো! আরও বেশি ফেলো!" আমরা জল, গাছ, বালি এবং মাটির মতো বহুমূল্য প্রাকৃতিক সম্পদের অপব্যবহার করে টন টন পুরোনো জিনিসের স্তূপ বানাই যা পরবর্তী কালে আবর্জনার স্তূপে পরিণত হয়।

তবে চিরকালই কি এরকম ছিল?
আমরা ভারতীয়রা কি বরাবরই অপচয়ী? না!
ইতিহাস বলে ভারতীয়রা খুবই মিতব্যয়ী এবং
বিচক্ষণ। আমরা বিশ্বাস করি প্রতিটি জিনিসের
ব্যবহার বহুবিধ—বস্তুর জীবন একটা নয়, অনেক।
পুনর্ব্যবহার ও পুনরুৎপাদনের ধারণা ভারতীয়
সংস্কৃতির গভীরে প্রোথিত আছে।

আজ থেকে দুহাজার পাঁচশো বছর পূর্বে
যখন মহাজ্ঞানী ও গুরু গৌতম বুদ্ধ এই পৃথিবীতে
বাস করতেন তখন এই গল্পের জন্ম। এই
গল্পের মাধ্যমে পার্থিব জগতের প্রতি শ্রদ্ধা এবং
সংবেদনশীলতা প্রকাশ পেয়েছে। এই গল্প থেকে
আমাদের অনেক কিছু শেখার আছে।

Story Attribution:

This story: শালটা কোথায় গেল? is translated by Somrwita Chatterjee . The © for this translation lies with Somrwita Chatterjee, 2022. Some rights reserved. Released under CC BY 4.0 license. Based on Original story: 'What happened to the shawl?', by Arvind Gupta . © Pratham Books , 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license.

Images Attributions:

Cover page: Two monks standing together in a garden and smiling, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 2: Buddha in confusion and thinking on some questions, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 3: Two monks standing together and smiling, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 4: A monk talking to Buddha about a bed, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 5: A monk sleeping on the floor, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 6: Feet of three people with one pair on a pillow, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 7: A Buddhist monk in deep thought, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 8: Buddha gifting a shawl to a monk, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 9: Two objects, one in pieces and the other stitched together, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license. Page 10: Two objects made of pieces of cloth, one with a balloon, by Debasmita Dasgupta © Pratham Books, 2016. Some rights reserved. Released under CC BY 4.0 license.

শালটা কোথায় গেল?

(Bengali)

মহাজ্ঞানী গৌতম বুদ্ধের জীবন নিয়ে এই পৌরাণিক কাহিনি সংরক্ষণ বিষয়ে আমাদের গভীর শিক্ষা প্রদান করে। নতুন একটা শালের জন্য বুদ্ধের কাছ থেকে অনুমতি আদায় করা যে কত কঠিন ব্যাপার তা তাঁর শিষ্য গভীর ভাবে উপলব্ধি করে।

এইটি তৃতীয় স্তরের বই-স্বাধীন ভাবে পড়তে সক্ষম পাঠকদের জন্য

Pratham Books goes digital to weave a whole new chapter in the realm of multilingual children's stories. Knitting together children, authors, illustrators and publishers. Folding in teachers, and translators. To create a rich fabric of openly licensed multilingual stories for the children of India and the world. Our unique online platform, StoryWeaver, is a playground where children, parents, teachers and librarians can get creative. Come, start weaving today, and help us get a book in every child's hand!